**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 12.05.2024** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) চতুর্থ দফার লোকসভা নির্বাচনে আগামীকাল রাজ্যের ৮ টি আসনে ভোটগ্রহণ করা হবে। এই পর্বে ৩ হাজার ৬৪৭টি ভোটকেন্দ্রকে সঙ্কটপ্রবণ চিহ্নিত করা হয়েছে।

২) বাকি পর্বগুলির জন্য আজ রবিবার প্রচার তুঙ্গে উঠেছে।

রাজ্যে আজ চারটি জনসভা করবেন প্রধানমন্ত্রী তথা প্রবীণ বিজেপি নেতা নরেন্দ্র মোদী।

জনসভা করবেন তৃণমূল নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও।

৩) উত্তর ২৪ পরগণার সন্দেশখালি থেকে ফের অস্ত্র উদ্ধার নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক চাপান উতোর।

৪) জোড়া ঘূর্ণাবর্ত ও জলীয় বাষ্প বাতাসে প্রবেশের ফলে রাজ্যের সব জেলায় আগামীকাল পর্যন্ত ঝড় বৃষ্টি চলবে। গতকাল বজ্রাঘাতে বীরভূমে দুজনের মৃত্যু।

৫) কলকাতা নাইট রাইডার্স আইপিএলের প্রথম দল হিসেবে প্লে অফে পৌঁছেছে।

---

চতুর্থ দফার লোকসভা নির্বাচনে প্রচারপর্ব গতকাল বিকেলে শেষ হয়েছে।

এই দফায় দেশে ৯৬-টি আসনে ভোট নেওয়া হবে আগামীকাল। এর মধ্যে রয়েছে রাজ্যের ৮-টি আসন – বহরমপুর, কৃষ্ণনগর, রানাঘাট, বর্ধমান পূর্ব, বর্ধমান-দুর্গাপুর, আসানসোল, বীরভূম ও বোলপুর।

চতুর্থ দফায় এক কোটি ৪৫ লক্ষ ৩০ হাজারের বেশি ভোটদাতা মোট ৭৫ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করবেন। মহিলা ভোটারের সংখ্যা ৭১ লক্ষ ৪৫ হাজার ৩৭৯ জন। নতুন ভোটারের সংখ্যা ৩ লক্ষ ২৩ হাজার ৫৪৪ জন। ৮৫ বছরের বেশি বয়সী ভোটার রয়েছেন ৭০ হাজার ৬৪৭ জন। মোট ১৫ হাজার ৫০৭টি ভোট কেন্দ্র খোলা হয়েছে। যার মধ্যে ৩,৬৪৭ টি ভোটকেন্দ্রকে সংকট প্রবন হিসেবে চিহ্নিত করেছে নির্বাচন কমিশন। সমস্ত ভোটকেন্দ্রেই ওয়েব কাস্টিং এর ব্যবস্থা থাকছে।

॥চতুর্থ দফার ভোটের নিরাপত্তায় ৫৭৯ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়ন করা হয়েছে। এর পাশাপাশি ৩০ হাজারের বেশি রাজ্য পুলিশ অবাধ ও সুষ্ঠু নির্বাচন পরিচালনার কাজে ব্যবহার করা হবে। থাকছে প্রায় ১৫০ টি কুইক রেসপন্স টিম। জিপিএস মারফত তাদের গতিবিধির ওপর কেন্দ্রীয়ভাবে নজরদারি চলবে। ভোটে নিরাপত্তায় ব্যবহার করা হবে হেভি রেডিও ফ্লাইং স্কোয়াড।

আসানসোল আসন নিয়ে আমাদের ইলেকশন সেলের একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

--------------------

আগামীকাল রাজ্যের ৮-টি আসনের ভোটপর্ব নিয়ে শুনবেন সংবাদবিভাগের বিশেষ আলোচনা –

"জনমত – ২০২৪, চতুর্থ দফার ভোট"।

আলোচনায় অংশ নেবেন রাজনৈতিক বিশ্লেষক বিশ্বনাথ চক্রবর্তী এবং সাংবাদিক সুমন ভট্টাচার্য। সঞ্চালনায় সংযুক্তা সিংহ।

অনুষ্ঠানটি শোনা যাবে রাত ৮-টা ৫ থেকে গীতাঞ্জলি এবং ১০৭ মেগাহার্টস্ প্রচার তরঙ্গে। সোশ্যাল মিডিয়াতেও সরাসরি শোনা যাবে এই অনুষ্ঠান।

--------------------

আগামীকাল চতুর্থ দফা ভোটের আগে বাকি পর্বগুলির জন্য আজ রবিবার রাজ্যে প্রচার তুঙ্গে উঠতে চলেছে। বাকি পর্বের আসনগুলির জন্য প্রচার সারতে গত রাতেই শহর কলকাতায় পৌঁছে গিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। আজ দক্ষিণবঙ্গে তাঁর চারটি জনসভা রয়েছে। প্রথম সভাটি আছে ব্যারাকপুর কেন্দ্রের জগদ্দলে। এর পর তিনি হাওড়ার পাঁচলা ও হুগলির চুঁচুড়া ও পুরশুরায় জনসভায় ভাষণ দেবেন।  সন্ধ্যায় তিনি পাটনা চলে যাবেন। সেখানে তাঁর রোড শোয়ে অংশগ্রহণ করার কথা।

এদিকে, আজ হাওড়ার উলুবেড়িয়া কেন্দ্রেই জনসভা করবেন তৃণমূলনেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। তাঁর সভাটি হবে আমতায়।

প্রধানমন্ত্রীর রাজ্য সফর ঘিরে আজ কলকাতায় যানবাহন চলাচল নিয়ন্ত্রিত হচ্ছে। সকাল থেকে বিকেল পর্যন্ত নির্দিষ্ট কয়েকটি রাস্তায় পণ্যবাহী যান ঢুকতে দেওয়া হবে না।

আগামীকাল চতুর্থ দফা নির্বাচনের আগে কলকাতা পুলিশের সাড়ে তিন হাজার কর্মীকে জেলায় নিয়ে যাওয়া হয়েছে। এঁদের বর্ধমান পূর্ব ও পশ্চিম, বীরভূম জেলায় মোতায়েন করা হয়েছে।

চতুর্থ দফার ভোট পর্ব শুরুর আগে গতকালই ছিল প্রচারের শেষ দিন। এদিন মুখ্যমন্ত্রী হুগলির সপ্তগ্রাম ও হাওড়ার জগৎবল্লভপুরে দুটি সভা করেন। সপ্তগ্রামের সভায় তিনি বলেন, রাজ্যের লক্ষ্মীর ভাণ্ডার প্রকল্প তিনি বন্ধ হতে দেবেন না।

(বাইট)

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকাল পূর্ব বর্ধমানের রায়নায় দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা করেন। তাঁর অভিযোগ, তৃণমূল সরকার রাজ্যবাসীকে বঞ্চিত করছে। তিনি বলেন, বিজেপি লক্ষ্মীর ভাণ্ডার বন্ধের পক্ষপাতি নয়।

(বাইট)

--------------------

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে বৈঠকে গতকাল নির্বাচন কমিশনের ভূমিকায় তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন সিপিআই(এম)। বিভিন্ন অভিযোগ নিয়ে এদিন সিইও আরিজ আফতাব'র সঙ্গে বৈঠক করেন সিপিআই (এম) নেতৃবৃন্দ। উপস্থিত ছিলেন সিপিআই(এম) নেতা রবীন দেব, শমীক লাহিড়ী, কল্লোল মজুমদার প্রমুখ । বৈঠকে নেতৃবৃন্দ সিইও'কে জানান, বিভিন্ন অভিযোগের ভিত্তিতে যে অ্যাকশন টেকেন রিপোর্ট তাদের কাছে পাঠানো হয়েছে তা মনগড়া এবং অসত্য। পরে শমীক লাহিড়ী বলেন,

(বাইট)

এদিন, পক্ষপাত এবং শাসকদল তৃণমূল কংগ্রেসের হয়ে কাজ করার অভিযোগে ৭ থানার ওসি'কে সরানোর দাবি জানায় বামেরা । এছাড়া পূর্ব মেদিনীপুরের এডিএম (জেনারেল), বারুইপুর বিডিও অফিসের একজন এপিও ও পটাশপুর-১ ব্লকের বিডিও'কে নির্বাচনী প্রক্রিয়া থেকে সরানোর দাবি জানিয়েছে সিপিআই (এম)।

--------------------

উত্তর ২৪ পরগণার সন্দেশখালির পিপড়েখালি এলাকায় অবৈধ অস্ত্র উদ্ধার ও দুষ্কৃতীদের গ্রেপ্তারের দাবিতে বিজেপি কর্মী সমর্থকরা গতকাল পিপড়েখালি ফেরিঘাট এলাকায় বিক্ষোভ দেখিয়েছেন। জানা গেছে, শুক্রবার সন্ধ্যায় ঐ এলাকায় শাসকদলের একটি জনসভা হয়। তারপরই তৃণমূল আশ্রীত দুষ্কৃতীরা আগ্নেয়াস্ত্র হাতে স্থানীয়দের ভয়

দেখাতে শুরু করে। এলাকাবাসী এক দুষ্কৃতীকে ধরে ফেলে আগ্নেয়াস্ত্র সহ তাকে পুলিশের হাতে তুলে দেয়। এরকম আরও আগ্নেয়াস্ত্র ঐ এলাকায় রয়েছে বলে তাদের দাবি। সিবিআই তদন্তেরও দাবি উঠেছে।

এদিকে এই ঘটনাকে কেন্দ্র করে শুরু হয়েছে রাজনৈতিক চাপান উতোর।

সন্দেশখালি দুষ্কৃতীদের স্বর্গরাজ্যে পরিণত হয়েছে বলে প্রদেশ কংগ্রেস সভাপতি, সাংসদ অধীর রঞ্জন চৌধুরী মন্তব্য করেছেন।

--------------------

সন্দেশখালি থেকে ফের অস্ত্র উদ্ধার হওয়া নিয়ে তৃণমূল কংগ্রেসেকে কটাক্ষ করলেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। গতকাল দুর্গাপুরে দলীয় প্রার্থী দিলীপ ঘোষের সমর্থনে শেষলগ্নের প্রচারে দুর্গাপুরে জনসভায় অংশ নেন তিনি। সভা শেষে সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, সন্দেশখালি থেকে আবারও অস্ত্র উদ্ধার হয়েছে। এবারও কি বিজেপি অস্ত্র রেখেছে বলা হবে?

(বাইট)

এদিন দিলীপ ঘোষের সমর্থনে সুকান্ত মজুমদারের রোড শোকে কেন্দ্র করে সাময়িক উত্তেজনা ছড়ায়। কয়েকজন তৃণমূল কংগ্রেস সমর্থকের সঙ্গে বিজেপি কর্মীদের ধাক্কাধাক্কি হয়।

--------------------

চতুর্থ পর্বের ভোটের আগে গতকাল বীরভূমের ইলামবাজারে এক বিজেপি কর্মীর বাড়ি থেকে পুলিশ ধারালো অস্ত্র উদ্ধার করেছে। বিকাশ মেটে নামে ওই বিজেপি নেতাকে গ্রেফতার করা হয়েছে। তৃনমূল কংগ্রেসের অভিযোগ,ভোটের দিন সন্ত্রাস সৃষ্টি

করার জন্য ওই ধারালো অস্ত্রগুলি মজুত করা হয়েছিল। বিজেপি এই অভিযোগ অস্বীকার করে বলেছে, গোটা ঘটনাটি ষড়যন্ত্র।

--------------------

জোড়া ঘূর্ণাবর্ত ও বঙ্গোপসাগর থেকে জলীয় বাষ্প বাতাসে প্রবেশের ফলে রাজ্যের সব জেলায় বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। আগামীকাল পর্যন্ত দক্ষিণবঙ্গে বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টি এবং ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো বয়ে যাওয়ার সম্ভাবনা।

উত্তরবঙ্গের কালিম্পং, দার্জিলিং, কোচবিহার, আলিপুরদুয়ার, দক্ষিণ দিনাজপুরে এই সময়ে বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টি এবং ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বইতে পারে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৩ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ৩ দশমিক ৭ ডিগ্রি কম। গতকালও তাপমাত্রা ছিলো স্বাভাবিকের ২ ডিগ্রি নীচে, ৩৩ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস।

--------------------

বীরভূমের নানুরে গতকাল বজ্রাঘাতে এক মহিলা সহ দু'জনের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন একাধিক। তাদের চিকিৎসার জন্য বোলপুর মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। জানা গেছে, গতকাল বিকেলে ধানজমিতে ১০জন কাজ করার সময়ে ১৫-বাজ পড়লে ঘটনাস্থলেই মৃত্যু হয় চারকল গ্রামের বাসিন্দা জ্যোৎস্না থান্ডারের।

অন্যদিকে ডোংরা গ্রামে মাঠে গবাদি পশু চড়ানোর সময় বজ্রাঘাতে মৃত্যু হয়েছে সুরথ গড়াইয়ের।

--------------------

কলকাতা নাইট রাইডার্স আইপিএলের প্রথম দল হিসেবে প্লে অফে পৌঁছেছে। ইডেনে গতরাতে নাইট রাইডার্স এবারে আইপিএলে ঘরের মাঠে তাদের শেষ ম্যাচে ১৮ রানে মুম্বাই ইন্ডিয়ান্সকে হরিয়ে দিয়েছে। ১২ ম্যাচে ১৮ পয়েন্ট নিয়ে লিগ শীর্ষে থেকে শেষ চারে খেলা নিশ্চিত করেছে কেকেআর।

-------------------- --------------------